

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৪৮

পরিচ্ছেদঃ ১৪. একটি গোলামের দুইজন অংশীদারের মধ্যে একজন তার নিজের অংশ মুক্ত করে দিলে

باب مَا جَاءَ فِي الْعَبْدِ يَكُونُ بَيْنَ الرَّجُلَيْنِ فَيُعْتِقُ أَحَدُهُمَا نَصِيبَهُ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَم، أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ سَعِيد بْنِ أَبِي عَرُوبَةَ، عَنْ قَتَادَةَ، عَنِ النَّصْرِ بْنِ أَنس، عَنْ بَشِيرِ بْنِ نَهِيك، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ أَعْتَقَ نَصِيبًا _ أَوْ قَالَ شِقْصًا فِي مَمْلُوك فَخَلاصُهُ فِي مَالِهِ إِنْ كَانَ لَهُ مَالٌ قَوْمَ قِيمَةَ عَدْلٍ ثُمَّ يُسْتَسْعَى فِي نَصِيبِ الَّذِي لَمْ يُعْتِقْ غَيْرَ مَلْ فَإِنْ لَمْ يَكُنْ لَهُ مَالٌ قُومَ قِيمَةَ عَدْلٍ ثُمَّ يُسْتَسْعَى فِي نَصِيبِ الَّذِي لَمْ يُعْتِقْ غَيْرَ مَلْ فَوْقِ عَلَيْهِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو . حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ سَعِيدٍ بْنِ أَبِي عَرُوبَةَ، نَحْوَهُ وَقَالَ " حَدَّتَنَا مُحْمَدً بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ صَحِيحٌ . وَهَكَذَا رَوَى أَبَانُ بْنُ يَزِيدَ، عَنْ شَقِيصًا " . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا الْحَديثَ عَنْ قَتَادَةَ، وَلَمْ يُذَكُرُ شَقِيصًا " . قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا الْحَديثَ عَنْ قَتَادَةَ، وَلَمْ يَذْكُرُ قَتَادَةَ، مِثْلُ رِوايَةٍ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ . وَرَوَى شُعْبَةُ ، هَذَا الْحَديثَ عَنْ قَتَادَةَ، وَلَمْ يَلْ فَيْقَ أَلُولُ الْكُوفَةِ وَبِهِ يَقُولُ إِسْحَاقُ . وَقَدْ قَالَ الْعِلْمِ السِّعَايَةَ فِي السِّعَايَةِ فَيْ أَنُ اللَّهُ مِلْ الْعَلْمِ إِنَا لَمْ يَكُنْ لَهُ مَالٌ عَتَقَ وَلاَ أَهْلِ الْعَلْمِ وَالْ الْمُولِ وَيَ عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم . وَهَذَا قَوْلُ أَهُلُ الْمَدِينَةِ وَيُعْ وَلُولُ مُلَالً كُالُ مُلَلُ مُنَ الْمُدِنَ قَوْلُ أَهُلُ الْمُدِينَةِ وَالْ مُلَالُ عُنُولُ مُؤَلُ مُلَالً عَلَقَ وَلاَ أَهُلُ الْمُدِينَةِ وَيُعْولُ مُلْ الْمَدِينَةِ مَنَ النَّهِ عَنْ النَّهُ وَعَى وَالْسُافِعِيُّ وَالْمُلُكُ مُنَ الْعَبْدِ مَا عَتَقَ وَلاَ أَهُلُ الْمُدِينَةِ وَلَا أَهُلُ الْمُدِينَةِ وَلَو الْمُلُ مُنَالًا وَلَالًا الله عليه وسلم . وَهَذَا قَوْلُ أَهُلُ الْمُدِينَةِ وَلَا مُنْ الْمُدِي عَنِ النَّيْ عَنَ النَّيْ عَلَ الْمُعَلِ الله عليه وسلم . وَهَذَا قَوْلُ أَهُلُ الْمُدِينَةِ وَلُ مُعْمَلُ مُعْمَلُ

বাংলা

১৩৪৮। আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন শরীকানা গোলামের ক্ষেত্রে কোন লোক তার নিজের অংশকে মুক্ত করলে তাকে তার বাকি অংশটুকুও মুক্ত করে দিতে হবে- তার যদি সেরকম আর্থিক সামর্থ থাকে। তার আর্থিক সামর্থ্য না থাকলে তবে ইনসাফের ভিত্তিতে



তার ন্যায্য মূল্য ঠিক করতে হবে। তারপর সে যতটুকু পরিমাণে মুক্ত হতে পারেনি সেটুকু পরিমাণ মূল্য (কায়িক শ্রমের মাধ্যমে) পরিশোধের চেষ্টা করতে হবে। কিন্তু তাকে দিয়ে সামর্থ্যের বেশি কষ্টদায়ক কাজ করানো যাবে না।

সহীহ, প্রাগুক্ত ইবনু মা-জাহ (২৫২৭), নাসা-ঈ

আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। সাঈদ ইবনু আবূ আরুবা হতেও এরকম বর্ণিত হয়েছে। এ হাদীসটিকে আবূ ঈসা হাসান সহীহ বলেছেন। আবান ইবনু ইযায়ীদ কাতাদা হতে সাঈদ ইবনু আরুবার বর্ণনার মতই বর্ণনা করেছেন। এ হাদীসটিকে শুবা কাতাদার সূত্রে বর্ণনা করেছেন কিন্তু এতে পরিশ্রম করানোর কথা উল্লেখ নেই।

আলিমদের মধ্যে এ ধরণের গোলাম দিয়ে পরিশ্রম করানোর ব্যাপারে মতপার্থক্য আছে। একদল আলিমের মতে, মুক্ত করার উদ্দেশ্যে তাকে দিয়ে পরিশ্রম করানো বৈধ। এই মত দিয়েছেন সুফিয়ান সাওরী ও কৃফাবাসী আলিমগণ। ইসহাকও এই মতের সমর্থক।

অপর একটি দল বলেছেন, একজন ক্রীতদাসের যদি দুজন মালিক থাকে এবং একজন মালিক তার প্রাপ্য অংশকে মুক্ত করে দিলে তার (মুক্তকারীর) যদি আর্থিক সামর্থ্য থাকে, তবে সে অন্য মালিককে ক্ষতিপূরণ প্রদান করবে এবং নিজের মালের পরিবর্তে তাকে মুক্ত করবে। তার যদি এরকম আর্থিক সামর্থ্য না থাকে তবে উক্ত গোলামের যেটুকু পরিমাণ মুক্ত করা হয়েছে সেটুকু পরিমাণ মুক্ত বলে গণ্য হবে। কিন্তু তাকে কাজে খাটিয়ে তার মজুরি অন্য মালিককে দেওয়ার মাধ্যমে তাকে মুক্ত করার এ পদ্ধতিটি সঠিক নয়।

আলিমগণের এই দল ইবনু উমার (রাঃ)-এর হাদীসের সমর্থক। মদীনার আলিমদেরও এই অভিমত। ইমাম মালিক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রাহঃ) এই মতের সমর্থক।

English

Abu Hurairah narrated that the Messenger of Allah (ﷺ) said:

"Whoever frees a portion" or he said: "a part of a slave, then he should finish paying his price if he can afford it. If he can not afford to pay reasonable price then he should be allowed to work to earn the amount that will free him without overburdening him." (Another chain) similar, and he said: "a part".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন